তথ্য ও গণসংযোগ বিভাগ
Information and Public Relations Division

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

প্রেস রিলিজ
তারিখ: ২৯ জুন ২০২৬

# বাউবির ২০২৬-২০২৭ অর্থবছরের মূল এবং ২০২৫-২০২৬ অর্থবছরের সংশোধিত পরিচালন ও উন্নয়ন বাজেট অনুমোদন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) বোর্ড অব গভর্নরস (বিওজি)-এর ২০১তম (বিশেষ) সভায় বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ অর্থবছরের সংশোধিত পরিচালন ও উন্নয়ন বাজেট এবং ২০২৬-২০২৭ অর্থবছরের মূল পরিচালন ও উন্নয়ন বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়েছে। বাজেট অনুমোদনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, প্রযুক্তিনির্ভর সেবা এবং অবকাঠামো উন্নয়নের কার্যক্রম আরও গতিশীল হবে।

মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান-এর সভাপতিত্বে গত ২৮ জুন ২০২৬ তারিখ রবিবার সন্ধ্যায় উপাচার্যের ঢাকাস্থ কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত বোর্ড অব গভর্নরসের ২০১তম (বিশেষ) সভায় এ অনুমোদন দেওয়া হয়।

এর আগে উপাচার্য ট্রেজারারের অতিরিক্ত দায়িত্বে অর্থ কমিটির ১৫৭তম সভায় বাজেট উপস্থাপন করেন। অর্থ কমিটি বাজেট পর্যালোচনা করে সর্বসম্মতিক্রমে বোর্ড অব গভর্নরসের অনুমোদনের জন্য সুপারিশ করে।

সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের মাননীয় শিক্ষা সচিব জনাব আব্দুল খালেক, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মাহবুবা ফারজানা, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মোঃ লুৎফর রহমান, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মোঃ মোর্শেদ হাসান খানসহ বোর্ড অব গভর্নরস এর অন্যান্য সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুমোদিত বাজেট অনুযায়ী ২০২৫-২০২৬ অর্থবছরের সংশোধিত পরিচালন বাজেট ২৬,২৮০.৩৮ লাখ টাকা এবং উন্নয়ন বাজেট ১৫৯.৭৬ লাখ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া ২০২৬-২০২৭ অর্থবছরের মূল পরিচালন বাজেট ৩২,৫৬৯.৫০ লাখ টাকা এবং উন্নয়ন বাজেট ৩,৫০০.০০ লাখ টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে।

মাননীয় উপাচার্য ও ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান তাঁর বাজেট বক্তৃতায় বলেন, " বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিগত তিন দশক ধরে দেশের প্রান্তিক ও কর্মজীবী মানুষের পাশাপাশি বিশ্বের বিভিন্ন দেশে থাকা প্রবাসী বাংলাদেশিদেরও দূরশিক্ষণ সম্প্রসারণের মাধ্যমে উচ্চশিক্ষার সুযোগ দিয়ে আসছে। বাউবি-র এই বিশাল নেটওয়ার্ককে এখন সময়ের দাবিতে কৃত্রিম বুদ্ধিমত্তা ও ডিজিটাল প্রযুক্তিসম্পন্ন একটি আধুনিক গবেষণামুখী শিক্ষা ব্যবস্থায় রূপান্তর করা হচ্ছে, যার অংশ হিসেবে ইতিমধ্যে কারিগরি শিক্ষার জন্য 'ITVET' প্রতিষ্ঠা করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ অর্থবছরের সংশোধিত এবং ২০২৬-২০২৭ অর্থবছরের মূল বাজেটটি এই লক্ষ্যেই প্রণয়ন করা হয়েছে। অর্থ কমিটির সুচিন্তিত নির্দেশনায় তৈরি এই বাজেট বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যৎ উন্নয়ন, প্রযুক্তিগত রূপান্তর ও গবেষণা সম্প্রসারণে যেমন অবদান রাখবে, তেমনি শিক্ষা অবকাঠামোগত উন্নয়ন ও দক্ষ মানবসম্পদ তৈরিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সর্বোপরি, এই পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে শিক্ষার্থীদের সেবার মানোন্নয়ন ঘটিয়ে তাদের দোরগোড়ায় মানসম্মত ডিজিটাল শিক্ষাসেবা পৌঁছে দেওয়া আরও সহজতর হবে"।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

Contact: Information and public Relations Division, Bangladesh Open University, Gazipur-1705, Bangladesh
Phone: 02-996691119, Email: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd